দৈনিক সংবাদ

তারিখ ... MAY 19 1999
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৭

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ২৫ জন শিবিরের বিরুদ্ধে মামলা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রঐক্য ১৫ই মে সংঘর্ষ ও কয়েকজন ছাত্রনেতা আহত হওয়ার ঘটনায় শিবিরের চঃবিঃ শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ২৫ জনের বিরুদ্ধে মামলা করেছে।

গতকাল চাকসু ভবনে এক সাংবাদিক সম্মেলনে ছাত্রঐক্য নেতৃবৃন্দ প্রশাসনের প্রতি পাঁচ দফা দাবি পেশ করেন।

ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে ১৯শে মে উপাচার্য, উপ-উপাচার্যের কাছে স্মারক-লিপি পেশ, ২০শে মে বিক্ষোভ সমাবেশ ও ২২শে মে ভিসি অফিসের সামনে অবস্থান ধর্মঘট।